

ইমেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩৪৩.২০১৮- ১১

তারিখঃ ২৬ পৌষ, ১৪২৫।
০১ জানুয়ারী, ২০১৯।

বিষয় : রিট পিটিশন নং ৪৭৪৭/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব ও সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এস.এম. মোস্তাক আহমেদ, প্রধান শিক্ষক (দায়িত্ব প্রাপ্ত), পিতা মৃত: ইয়াকুব আলী সিকদার, গ্রাম- সাহেবের চর, উপজেলা-মুলাদী, জেলা-বরিশাল গং দায়ের করেন। ঘটনার বিবরণ এই যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পলিসি এন্ড অপারেশন বিভাগের স্মারক নং প্রাশিঅ/৭এ/২বিদ্যা-ঢাকা/২০১৫/২৫৮/৬৪(৭)/(৬০০), তারিখ ১৭/০৯/২০১৫ এর মাধ্যমে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণের নিকট প্রেরিত সরকারি ও সদ্য জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক/শিক্ষিকাদের জ্যেষ্ঠ/শ্রেণীভেদে তালিকা প্রণয়ন সংক্রান্ত পত্রটি চ্যালেঞ্জ করে উক্ত পিটিশন নং ৪৭৪৭/২০১৮ দায়ের করেছেন।


২। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪৭৪৭/২০১৮ এর প্রেক্ষিতে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্ত রেকর্ডপত্রাদি পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জরুরী ভিত্তিতে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। রিট পিটিশন নং ৪৭৪৭/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- ২। রিট পিটিশন নং- ৪৭৪৭/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- ৩। Statement of fact.
- ৪। সরকার পক্ষের যাবতীয় ও অন্যান্য রেকর্ডপত্র।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।

৩। এই বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। দায়িত্ব অবহেলার কারণে সরকার পক্ষ ক্ষতিগ্রস্ত হলে এর যাবতীয় দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।

সংযুক্তি: ১। রুলের কপি ০১ (এক) খানা।


(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)
পক্ষে-মহাপরিচালক


জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
বরিশাল।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩৪৩.২০১৮- ১২

তারিখঃ ২৬ পৌষ, ১৪২৫।
০১ জানুয়ারী, ২০১৯।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সংরক্ষণ নথি।


(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)
পক্ষে-মহাপরিচালক